

# যুগান্তর

প্রিন্ট: ২৭ জুলাই ২০২৫, ১২:৩৭ পিএম

জাতীয়

## শিক্ষা সচিবের রুটিন দায়িত্বে অতিরিক্ত সচিব মজিবর রহমান



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৪ জুলাই ২০২৫, ০৯:০৪ পিএম



অতিরিক্ত সচিব (কলেজ) মো. মজিবর রহমান। ফাইল ছবি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে নতুন সচিব যোগদান না করা পর্যন্ত একই বিভাগের অতিরিক্ত সচিব (কলেজ) মো. মজিবুর রহমান সচিবের রুটিন দায়িত্ব পালন করবেন।

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখার সিনিয়র সচিব জাবের মো. সোয়াইব স্বাক্ষরিত এক অফিস আদেশে জানানো হয়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

বুধবার ঢাকার মাইলস্টোন স্কুল ও কলেজে প্রশিক্ষণ বিমান বিধবস্তের ঘটনায় এইচএসসি পরীক্ষা স্থগিতের বিষয়ে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব (চুক্তিভিত্তিক) সিদ্দিক জুবায়েরকে প্রত্যাহার করে প্রজ্ঞাপন জারি করা হয়।